গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০৭২.২০১৩- ৪৯৫

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৩ / ১৭ নভেম্বর ২০১৬

বিষয়ঃ বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা আংশিক সংশোধন।

বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরনের বিষয়ে এ মন্ত্রণালয় থেকে সূত্রে বর্ণিত প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালায় গঠিত টেকনিক্যাল কমিটি/পরিদর্শন কমিটি সংশোধপূর্বক নিম্নোক্তভাবে টেকনিক্যাল/পরিদর্শন কমিটি গঠন করা হলো:

নীতিমালার অনুচ্ছেদ	টেকনিক্যাল/পরিদর্শন কমিটি
৫.৩	এমএসসি ও বিএসসি নার্সিং কোর্সের জন্য:

১. অতিবিক্ত সচিব (শৃঙ্খলা ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় -সভাপতি
২. সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় -সদস্য
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর -সদস্য
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল -সদস্য সচিব

৫.৪	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের জন্য:

১. যুগ্মসচিব/উপসচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় -সভাপতি
২. সিনিয়র সহকারী সচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় -সদস্য
৩. পরিচালক/উপযুক্ত প্রতিনিধি, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর -সদস্য
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল -সদস্য সচিব

২। উল্লেখ্য বিশেষ প্রয়োজনে সময়ে সময়ে অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং) এর প্রতিভূ হিসেবে যুগ্মসচিব (নার্সিং)/উপসচিব (নার্সিং)কে পরিদর্শনের অনুমতি প্রদান করা যেতে পারে।

৩। উক্ত নীতিমালার অন্যান্য নীতি ও কমিটি অপরিবর্তীতে থাকবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০৭২.২০১৩-

তারিখঃ ৩ অগ্রহায়ণ ১৪২৩ / ১৭ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব...(সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহা-পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ।
৩। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পরিচালক (ভারপ্রাপ্ত), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন,শেরে বাংলানগর, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Latter All-2015-16 (New Folder-2011. New folder)

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিন্যান্স) -২/২০০৮/৪২৭

তারিখ ২৮/০৩/১৪১৬ বাং
১২/০৭/২০০৯ইং

প্রজ্ঞাপন

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা নিম্নোক্তভাবে প্রণয়ন করা হয়েছে ঃ

বাংলাদেশ নার্সিং কাউন্সিল অর্ডিন্যান্স ১৯৮৩ (১৯৮৩ সালের ৬১ নং অর্ডিন্যান্স) এর আলোকে বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্সসমূহ পরিচালনার জন্য বিদ্যমান বেসরকারী পর্যায়ে নার্সিং ইনস্টিটিউট স্থাপনের নীতিমালা ও বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কোর্স চালু করণ সংক্রান্ত নীতিমালা দুটি সমন্বয় করে সময়োপযোগী একটি নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১. শিরোনাম ঃ

এই নীতিমালা "বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা" নামে অভিহিত হবে ।

২. নীতিমালার প্রয়োগ ঃ

২.১ এই নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে ডিপ্লোমা নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং/বিএসসি নার্সিং/স্নাতকোত্তর নার্সিং কোর্স চালু করতে আগ্রহী অথবা এই কোর্সসমূহ বর্তমানে পরিচালনা করছে সে সব বেসরকারী প্রতিষ্ঠানের জন্য আবশ্যিকভাবে পালনীয় নির্দেশক হবে।

২.২ বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্সসমূহ পরিচালনার প্রশাসনিক অনুমোদন / অনাপত্তি প্রদানের সকল ক্ষমতা বাংলাদেশ বাংলাদেশ সরকারের পক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

২.৩ এই নীতিমালা নার্সিং কোর্সসমূহ পরিচালনায় একাডেমীক অনুমোদন প্রদানের নির্দেশক হিসেবে কাজ করবে।

২.৪ এই নীতিমালার লংঘন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নার্সিং কোর্স অনুমোদন বাতিলের কারণরূপে গণ্য হবে।

৩. মূল উদ্দেশ্য ঃ

৩.১ বেসরকারী পর্যায়ে নার্সিং কোর্স চালুকরণের দিক নির্দেশনা প্রদান করা।

৩.২ শিক্ষার গুণগত মান ও সুষ্ঠু পরিচালনা ব্যবস্থা নিশ্চিত করে সুদক্ষ নার্স গড়ে তোলা।

৩.৩ উন্নত দেশের চাহিদার সাথে সংগতি রেখে আন্তর্জাতিক মানের দক্ষ নার্স তৈরীসহ দেশে ও বিদেশে তাদের কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান করা।

৩.৪ উন্নত বিশ্বের বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তির মাধ্যমে বিশ্বের উদ্ভাবিত ও প্রচলিত উন্নত শিক্ষা পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশে ও বিদেশে নার্সিং সেবা প্রদানের জন্য দক্ষ জনশক্তি তৈরী করা।

৪. অধিক্ষেত্র ঃ

৪.১ বেসরকারী পর্যায়ে ডিপ্লোমা নার্সিং/ডিপ্লোমা উত্তর বিএসসি নার্সিং/বিএসসি নার্সিং কোর্স পরিচালনা ও নার্সিং প্রতিষ্ঠান/নার্সিং কলেজ স্থাপনের অনুমোদন/অনাপত্তি প্রদান।

৪.২ বেসরকারী পর্যায়ে উন্নতমানের নার্সিং শিক্ষা কার্যক্রম পরিচালনার মূল্যায়ণ ও পর্যালোচনা করা।

৪.৩ যে সমস্ত বেসরকারী প্রতিষ্ঠানকে শর্ত সাপেক্ষে অনুমোদন করা হয়েছে, সেগুলো নির্ধারিত সময়ের মধ্যে আরোপিত শর্তাদি পুরণ করছে কি-না এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নির্দেশনা প্রদান করা।